দর্শনা সীমান্তে সাড়ে ৩ শ গ্রাম হিরোইন ও ৫টি সোনার বারসহ একজন আটক

দর্শনা সীমান্তে বিজিবির পৃথক দুটি চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা করেছে। এ অভিযানে সাড়ে ৩শ গ্রাম হিরোইন ও ৫টি বার সহ আটক করেছে ১ চোরাকারবারীকে। গতকাল সোমবার সকালে দর্শনা হল্ট স্টেশনে খুলনাগামী রকেট মেইলে অভিযান চালিয়ে পরিত্যাক্ত অবস্থায় সাড়ে ৩শ গ্রাম হিরোইন ও দর্শনা রেলওয়ে স্টেশনের পূর্বপাশ হতে ৫টি স্বর্ণের বার সহ সেলিম (৩৩) নামের এক চোরাকারবরীকে আটক করেছে।

এ দুটি চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা করেন ঝিনাইদহের মহেশপুর-৫৮ বিজিবি ও চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়ন জোয়ানেরা।

বিজিবি জানায়, চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়নের লেঃ কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসি স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে সাংবাদিকদের জানায়, চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার অন্তর্গত দর্শনা রেল ষ্টেশন হয়ে পার্বতীপুর হতে খুলনা অভিমূখী ছেড়ে আসা রকেট মেইল ট্রেন ভারতীয় হিরোইন পাচার করা হবে মর্মে প্রাপ্ত বিশেষ তথ্যের ভিত্তিতে চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেঃ কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসি এর সার্বিক দিক নির্দেশনায় দর্শনা বিওপি কমান্ডার সুবেদার মোঃ নওশের আলী সঙ্গীয় ফোর্স নিয়ে সীমান্ত পিলার ৭৭/২-এস হতে আনুমানিক ৩.৫ কিঃ মিঃ বাংলাদেশের অভ্যন্তরে দর্শনা রেল ষ্টেশনে আনুমানিক বেলা ১টা ১০ মিনিটের দিকে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে। অভিযান পরিচালনা কালে টহলদল পার্বতীপুর হতে খুলনা অভিমূখী ছেড়ে আসা রকেট মেইল ট্রেনের তৃতীয় বগির ভিতর ক্যরিয়ারের উপর একটি পলিথিনের ব্যাগ দেখতে পায়। টহলদল উক্ত ব্যাগের মালিকানা না পাওয়ায় পলিথিনের ব্যাগটি জব্দ করে এবং পরবর্তীতে টহলদল জব্দকৃত পলিথিনের ব্যাগটি খুললে ব্যাগের ভিতর ১টি পলিথিনের ছোট প্যাকেট হতে ৩৫০ গ্রাম ভারতীয় হিরোইন উদ্ধার করতে সক্ষম হয়। এ ব্যাপারে সুবেদার মোঃ নওশের আলী বাদী হয়ে পরবর্তী আইনগত প্রক্রিয়া সম্পন্ন করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।